



কানাডা প্রবাসীদের জন্য ভোটার নিবন্ধন কার্যক্রম চালু



সংগৃহীত ছবি

কানাডায় বসবাসরত বাংলাদেশি নাগরিকদের ভোটাধিকার নিশ্চিত করতে এবং তাদের হাতে স্মার্ট জাতীয় পরিচয়পত্র (এনআইডি) তুলে দেওয়ার লক্ষ্যে বাংলাদেশ নির্বাচন কমিশন (ইসি) এক নতুন কার্যক্রমের সূচনা করেছে। শুক্রবার (১২ সেপ্টেম্বর) অটোয়াস্থ বাংলাদেশ হাইকমিশনে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ. এম. এম. নাসির উদ্দিন এই সেবার আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে সিইসি বলেন, গণতন্ত্রকে আরও অন্তর্ভুক্তমূলক করতে হলে প্রবাসে থাকা প্রতিটি নাগরিকের ভোটাধিকার নিশ্চিত করা জরুরি। তিনি বলেন, যে প্রবাসীরা রেমিট্যান্স পাঠানো, বিনিয়োগ ও প্রযুক্তি স্থানান্তরের মাধ্যমে দেশের অর্থনৈতিক অগ্রগতিতে বড় অবদান রাখছেন, তাদের ভবিষ্যৎ নির্ধারণের প্রক্রিয়ায় সরাসরি অংশগ্রহণের সুযোগ দেওয়া সরকারের একটি সময়োপযোগী সিদ্ধান্ত।

এই উদ্যোগের ফলে এখন থেকে কানাডার বাংলাদেশি নাগরিকরা অটোয়াস্থ বাংলাদেশ হাইকমিশন এবং টরন্টোতে অবস্থিত কনসুলেট জেনারেলের মাধ্যমে ভোটার নিবন্ধন করতে এবং তাদের স্মার্ট এনআইডি কার্ড সংগ্রহ করতে পারবেন।

অনুষ্ঠানে সিইসি আনুষ্ঠানিকভাবে কয়েকজন নিবন্ধিত প্রবাসীর হাতে স্মার্ট এনআইডি কার্ড তুলে দেন, যার মধ্য দিয়ে এই কার্যক্রমের যাত্রা শুরু হয়। অনুষ্ঠান শেষে প্রশ্নোত্তর পর্বের আয়োজন করা হয়, যেখানে প্রবাসীরা সরাসরি সিইসির কাছে তাদের বিভিন্ন প্রশ্ন উপস্থাপন করেন।

এই পদক্ষেপকে বাংলাদেশ সরকারের একটি গুরুত্বপূর্ণ মাইলফলক হিসেবে দেখা হচ্ছে, যা প্রায় এক কোটি প্রবাসীর গণতান্ত্রিক অধিকার রক্ষার অঙ্গীকারের পাশাপাশি দেশের উন্নয়ন ও সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় তাদের সক্রিয় সম্পৃক্ততাকে প্রতিফলিত করে।